

জয়পুরহাটে প্রাথমিক শিক্ষকগণ সরকারি অনুদানের টাকা পাচ্ছে না

জয়পুরহাট, ২৬শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)। জয়পুরহাট জেলার বেসরকারি প্রাথমিক শিক্ষকগণ গত ৪ মাস থেকে সরকারি অনুদানের ভাতা পাননি। ফলে স্বল্প আয়ের শিক্ষকগণ দুর্ভোগের দিনে চরম আর্থিক সংকটে পড়েছেন।

আসন্ন ঈদের আগে সমুদয় ভাতা পরিশোধের জন্য তাঁরা সংশ্লিষ্ট বিভাগে দাবি জানিয়েছেন।

জয়পুরহাট জেলার ৫টি থানায় মঞ্জুরিপ্রাপ্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা ৬৩টি। প্রত্যেক বিদ্যালয়ে রয়েছেন ৪ জন করে শিক্ষক। জেলায় এমন শিক্ষকের সংখ্যা মোট ২৫২ জন। এসব বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষক মাসিক মাত্র পাঁচশত টাকা ভাতা (সরকারি) পান।

বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারিভাবে অনুদানের পাঁচশত টাকা ব্যতীত অন্য কোন আর্থিক সহায়তা বা বেতন ইত্যাদি কিছুই পান না। অধিকাংশ শিক্ষকই দরিদ্র। ফলে গত ৪ মাস থেকে সরকারি অনুদানের ভাতা না পাওয়ায়, পরিবারবর্গ নিয়ে দারুণ সংকটে রয়েছেন। গত ঈদেও তাঁরা ভাতা পাননি।